

5.07 পিরকল্পনা, সিল ভাষাতে

5.07 পরিকল্পনা, সরল ভাষাতে

5.07 পরিকল্পনা প্রক্রিয়া

নিউ ইয়র্ক স্টেট মেন্টাল হাইজিন আইনের ধারা 5.07 অনুযায়ী পরিষেবা প্রদানের জন্য OPWDD কে একটি পাঁচ বছরের পরিকল্পনা করতে হবে। এই পরিকল্পনাটি আগামী পাঁচ বছরে সহায়তা এবং পরিষেবা উন্নত করার লক্ষ্য নির্ধারণ করে।

স্টেকহোল্ডার ইনপুট

2021 সালে OPWDD:

- পাঁচটি আঞ্চলিক পাবলিক ফোরাম আয়োজন করে যেখানে 100 জন লোক বক্তব্য রাখেন।
- 26টি গোষ্ঠীর সাথে সাক্ষাত করে - প্রতিবন্ধী ব্যক্তি, পরিবারের সদস্য, পরিষেবা প্রদানকারী এবং অন্যান্য।
- 200 জনেরও বেশি লোকের কাছ থেকে ইমেল এবং চিঠি প্রাপ্ত করেছে।

লোকেরা OPWDD কে বলেছেন যে আগামী পাঁচ বছরে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজগুলি হল এগুলির উন্নতি করা:

- প্রত্যক্ষ সহায়তা কর্মশক্তি
- স্ব-নির্দেশ
- গৃহসংস্থান পরিষেবা
- জটিল চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য পরিষেবা
- আমরা কিভাবে ডেটা এবং তথ্য শেয়ার করি
- গবেষণার জন্য সহায়তা

লক্ষ্য ও উদ্দেশ্য

OPWDD পরিকল্পনা পরবর্তী 5 বছরে নিম্নলিখিত লক্ষ্যগুলির বিষয়ে বলে।

প্রতিটি লক্ষ্যের অধীনে উদ্দেশ্য থাকে। প্রতিটি উদ্দেশ্যের অধীনে, এমন ক্রিয়াকলাপ এবং প্রকল্প রয়েছে যা OPWDD কে লক্ষ্য পূরণে সহায়তা করবে।

লক্ষ্য 1: সর্বাধিক ব্যক্তি-কেন্দ্রিক উপায়ে লোকের সহায়তা করা

লক্ষ্য 2: কর্মশক্তি এবং OPWDD কে শক্তিশালী করা

লক্ষ্য 3: রাজ্য জুড়ে পরিষেবা ব্যবস্থা উন্নত করা

লক্ষ্য 1: সর্বাধিক ব্যক্তি-কেন্দ্রিক উপায়ে লোকের সহায়তা করা

পরিষেবাগুলি যেন প্রতিটি ব্যক্তির চাহিদা পূরণ করে তা নিশ্চিত করা। পরিষেবাগুলিতে বেছে নেওয়ার এবং লোকেদের স্বাবলম্বী হতে এবং তাদের কমিউনিটিকে উপভোগ করতে সহায়তা করার সুবিধা থাকা উচিত।

উদ্দেশ্য 1.1: কমিউনিটি ইন্টিগ্রেশন উন্নত করা

- লোকেদের তাদের কমিউনিটি উপভোগ করতে সহায়তা করে এমন দিবাকালীন পরিষেবাগুলি বাড়ানো।
- সহায়ক প্রযুক্তি এবং পরিবেশগত পরিবর্তনগুলি (যেমন স্পিচ ডিভাইস বা হুইলচেয়ার র‍্যাম্প) ব্যবহার করার সুবিধা সহজতর করা
- সমর্থিত সিদ্ধান্ত গ্রহণ ব্যবহার করতে আরও বেবসী মানুষের সহায়তা করা

উদ্দেশ্য 1.2: বাচ্চা, যুবক এবং তরুণ প্রাপ্তবয়স্কদের পরিষেবা প্রদান করা

- বাচ্চাদের দ্বারা ব্যবহৃত মওকুফ পরিষেবাগুলি কীভাবে আরও ভাল হতে পারে তা দেখা
- বাচ্চাদের জন্য দেখভাল ব্যবস্থাপনা উন্নত করা
- বাচ্চাদের জন্য সফটকালীন পরিষেবাগুলির ব্যবহার সহজতর করা

উদ্দেশ্য 1.3: জটিল চাহিদাগুলি পূরণ করা

- জটিল চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য পরিষেবা উন্নত করা
- নিবিড় আচরণগত সহায়তা পরিষেবাগুলি উন্নত করা
- সফটকালীন পরিষেবাগুলির ব্যবহার আরও ভাল এবং সহজতর করা
- জটিল চাহিদাযুক্ত লোকেদের সহায়তা করতে পরিষেবা প্রদানকারীদের সাহায্য করা

উদ্দেশ্য 1.4: বিভিন্ন বৈচিত্র্যময় কমিউনিটিগুলিকে পরিষেবা প্রদান করা

- নিউ OPWDD অফিস অফ ডাইভারসিটি, ইকুইটি অ্যান্ড ইনক্লুশন
- OPWDD কিভাবে সকল মানুষকে সহায়তা করে তা দেখা

লক্ষ্য 2: কর্মশক্তি এবং OPWDD কে শক্তিশালী করা

প্রত্যক্ষ দেখভাল কর্মীদের সহায়তা করা, পরিষেবা ব্যবস্থা আপডেট করা এবং তথ্য অ্যাক্সেস করার সুবিধা বাড়ানো।

উদ্দেশ্য 2.1: প্রত্যক্ষ সহায়তা কর্মশক্তি উন্নত করা

- কর্মশক্তির জন্য আর্থিক সহায়তা প্রদান করা
- আরও কর্মী নিয়োগ করা এবং তাদের নিযুক্ত রাখা
- কর্মশক্তির জন্য প্রশিক্ষণ এবং সহায়তা উন্নত করা

উদ্দেশ্য 2.2: OPWDD এর তথ্য ব্যবহার উন্নত করা

- পরিষেবাগুলিকে আরও ভাল করতে প্রযুক্তি এবং OPWDD কীভাবে ডেটা ব্যবহার করে তা উন্নত উন্নত করা।

উদ্দেশ্য 2.3: স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা উন্নত করা

- একসাথে পরিকল্পনা করতে, আমরা যাদের সহায়তা করি, পরিবারের সদস্যগণ এবং প্রদানকারীদের সাথে সাক্ষাত চালিয়ে যাওয়া

লক্ষ্য 3: রাজ্য জুড়ে পরিষেবা ব্যবস্থা উন্নত করা

পরিষেবাগুলির জটিলতা কমানো এবং লোকেদেরকে আরও ভাল পরিষেবা দেওয়ার উপায় খোঁজা।

উদ্দেশ্য 3.1: সহায়তা এবং পরিষেবা উন্নত করা

- স্ব-নির্দেশ
- কর্মসংস্থান এবং দিবাকালীন পরিষেবা
- গৃহসংস্থান পরিষেবা
- স্বাস্থ্য পরিষেবাগুলি ব্যবহার করার সুবিধা
- দেখভাল ব্যবস্থাপনা/দেখভাল সমন্বয়ের গুণমান পর্যালোচনা

উদ্দেশ্য 3.2: নিয়ম পরিবর্তন করা

- আরও ভাল প্রবিধানের মাধ্যমে নমনীয়তা বৃদ্ধি করা

উদ্দেশ্য 3.3: গবেষণা এবং নবপ্রবর্তনকে সহায়তা করা

- লোকেদের সহায়তা করতে কার্যক্রমগুলি পর্যালোচনা করা এবং নতুন উপায়গুলি সম্পর্কে অধ্যয়ন করা

অগ্রগতির প্রতিবেদন

OPWDD www.opwdd.ny.gov ওয়েবসাইটে নিয়মিত আপডেট প্রদান করবে।

OPWDD পরিকল্পনা এবং আমাদের অগ্রগতি সম্পর্কে স্টেকহোল্ডারদের সাথে কথা বলবে।